# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৮০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. প্রথম অনুচ্ছেদ - সালাতে সুতরাহ্ (সুতরা)

بَابُ السُّتْرَةِ

## আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: أَقْبَلْتُ رَاكِبًا عَلَى أَتَانٍ وَأَنَا يَوْمَئِذٍ قَدْ نَاهَزْتُ الِاحْتِلَامَ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي بِالنَّاسِ بِمِنًى إِلَى غَيْرِ جِدَارٍ فَمَرَرْتُ بَين يَدي الصَّفّ فَنزلت فَأرْسلت الْأَتَانَ تَرْتَعُ وَدَخَلْتُ فِي الصَّفِّ فَلَمْ يُنْكِرْ ذَلِك عَليّ أحد

## বাংলা

৭৮০-[৯] ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার আমি একটি মাদি গাধার উপর আরোহণ করে এলাম। তখন আমি প্রাপ্তবয়স্ক হওয়ার উপক্রম হয়ে গেছি। এ সময় রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিনায় অন্যান্য লোকজনসহ কোন দেয়ালের আড়াল ছাড়া সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করছিলেন। আমি কাতারের এক পাশের সামনে দিয়ে চলে গেলাম। এরপর গাধাটাকে চরাবার জন্য ছেড়ে দিয়ে আমি কাতারে দাঁড়িয়ে গেলাম। আমার এই কাজে কেউই কোন আপত্তি জানালো না। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৭৬, মুসলিম ৫০৪, আবূ দাঊদ ৭১৫, সহীহ ইবনু হিব্বান ২১৫১।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীস দ্বারা বুঝা যাচ্ছে যে, মুসল্লীর সম্মুখ দিয়ে গাধা চলাচল করলে সালাত (সালাত/নামায/নামাজ) নষ্ট হয় না। আর অপ্রাপ্ত বয়স্ক বালকের অজ্ঞতাবশত চলাচল করলেও তা ধর্তব্য নয়। এ দু’টো বিষয় এ হাদীস থেকে প্রমাণিত হয়। কেননা ‘আবদুল্লাহ ইবনু ‘আব্বাস (রাঃ) বিদায় হাজ্জের (হজ্জের/হজের) সময় নাবালক ছিল। তার বয়সের সংখ্যা নিয়ে তিন ধরনের বক্তব্য পাওয়া যায়, কেউ বলেছেন তখন তার বয়স ছিল ১৩ বৎসর। কেউ বলেছেন ১০ বৎসর। কেউ বলেছেন তার বয়স ছিল ১৫ বৎসর। বুঝা গেলো নাবালক অজ্ঞতাবশত চলাচলে কোন অসুবিধা হয় না। আর একটি বিষয় এখান থেকে প্রমাণিত হয় যে, ইমামের সুতরাই মুক্তাদীর সুতরাহ্ ধর্তব্য হবে।

কেননা ইমাম বুখারীর (রহঃ) এ হাদীসটি ‘‘ইমামের সুতরাই মুসল্লীর সুত্রাহ্’’ এ অধ্যায় নিয়ে এসেছেন। আর এ হাদীসটিতে সে বিষয়ের আলোচনা থাকবে। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দেয়ালবিহীন ময়দানে সালাত আদায় করছেন। তাঁর অভ্যাস ছিল ময়দানে সালাত আদায় করলে সুতরাহ্ (সুতরা) সামনে রেখে সালাত আদায় করতেন। এখানে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তথা ইমামের জন্য সুতরাহ্ (সুতরা) স্থাপন করা হয়েছিল। তাই ইমামের পিছনের লোকেদের জন্যে সুতরাহ্ (সুতরা) হলো ইমাম নিজেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55339

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন